

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.১৮.০০০১.২৪.২৮৭

অফিস আদেশ

এতদ্বারা খাদ্য অধিদপ্তর এবং এর অধীনস্থ সকল দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি একটি প্রতারকচক্র মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয়ের পরিচয় দিয়ে একটি নম্বর (মোবাইল নম্বর: ০১৭৮৬৭০৮৮১২) থেকে হোয়াটসঅ্যাপের মাধ্যমে ফোন করছে। প্রতারকচক্রটি খাদ্য মন্ত্রণালয় থেকে বিশেষ 'সম্মানিভাতা' প্রদান করা হচ্ছে মর্মে মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্তি সৃষ্টি করছে। এই সম্মানিভাতা প্রেরণের অজুহাতে তারা সংশ্লিষ্টদের ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, এটিএম কার্ড নম্বর, পিন (PIN) এবং ওটিপি (OTP) ইত্যাদি গোপন তথ্য হাতিয়ে নিয়ে অর্থ আত্মসাৎ করার চেষ্টা করছে।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, খাদ্য অধিদপ্তর বা খাদ্য মন্ত্রণালয় কর্তৃক এ ধরনের কোনো সম্মানিভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। এ ধরনের কোনো ফোন আসলে তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো। প্রতারকচক্রের এহেন অপতৎপরতা থেকে সতর্ক থাকতে এবং অন্যকেও সচেতন করতে সকলকে অনুরোধ জানানো হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫-০৩-২০২৬

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮-০২-৪১০৫০৭২৩
ইমেইল : dd.est@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.১৮.০০০১.২৪.২৮৭/১ (১৪)

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ইন্সপেক্টর জেনারেল, পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ হেডকোয়ার্টার্স।
- ২। অ্যাডিশনাল আইজিপি, অ্যাডিশনাল আইজিপি এর দপ্তর, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৪। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৫। যুগ্ম সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৬। পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৭। প্রধান মিলার, প্রধান মিলার এর দপ্তর, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ৮। আইন উপদেষ্টা, আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ১২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

- ১৩। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১৪। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো, বগুড়া/খুলনা স্
টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট/ময়মনসিংহ স্টিল সাইলো/মধুপুর স্টিল সাইলো, টাঙ্গাইল।
- ১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ১৭। উপপরিচালক (তদন্ত ও মামলা/পিপিটি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ১৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),।
- ১৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ২০। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
এবং
- ২১। অফিস/মাস্টার কপি।



Amf

২৫-০৩-২০২৬

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)